গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ – ৩০ জুন, ২০১৯

## সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪-৮ |
| সেকশন ১ :রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৯ |
| সেকশন ২ :বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ১০ |
| সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পদান সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ১১-১৫ |
| **সংযোজনী ১ :** শব্দসংক্ষেপ | ১৬ |
| **সংযোজনী ২ :** কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৭ |
| **সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৮ |

# উপক্রমণিকা (Preamble)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ পরবর্তিতে বর্ণিত বিষয়সমূহে সম্মত হলেন:

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Dhaka Mass Transit Company Limited)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (জুলাই, ২০১৫ – জুন, ২০১৮) প্রধান অর্জনসমূহ**

**ভূমিকা**

ঢাকা মহানগরী ও সংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় সময় সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল এর পরিকল্পনা, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য গত ০৩ জুন, ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। DMTCL প্রথম পর্যায়ে MRT Line-6 নির্মাণ করছে। দ্বিতীয় পর্যায়ে MRT Line-1 এবং MRT Line-5: Northern Route নির্মাণের লক্ষ্যে Feasibility Study সম্পন্ন করেছে। বর্তমানে MRT Line-1এর Detailed Design করার নিমিত্ত TPP অনুমোদন প্রক্রিয়াধীন আছে। MRT Line-5:Northern Route এর DPP প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। MRT Line-5: Southern Route নির্মাণের লক্ষ্যে Pre-Feasibility Study চলছে। তৃতীয় পর্যায়ে Policy for Implementing PPP through Government to Government (G2G) Partnership, 2017 এর আওতায় G2G ভিত্তিতে MRT Line -2 নির্মাণের লক্ষ্যে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ গত ১৫ জুন ২০১৭ তারিখে জাপানের Ministry of Land, Infrastructure, Transport and Tourism (MLIT) এর সঙ্গে সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। MRT Line-2 এবং MRT Line-4 নির্মাণের জন্য Pre-Feasibility Study করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

## MRT Line-6

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) বা বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় পরবর্তিতে বিশেষ উদ্যোগে উত্তরা ৩য় ফেইজ হতে আগারগাঁও পর্যন্ত অংশ ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে এবং বাংলাদেশ ব্যাংক পর্যন্ত সম্পূর্ণ অংশ ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলেছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২৬ জুন, ২০১৬ তারিখ MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেল এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন।

**প্রধান অর্জন**

- Route Alignment এর Topographic Survey-এর Basic Survey ডিসেম্বর, ২০১৪ মাসে শেষ হয়। এ সার্ভে কাজের Re-measurement কাজ ডিসেম্বর, ২০১৫ মাসে সম্পন্ন হয়;
- মেট্রোরেল আইন, ২০১৫ প্রণয়ন করা হয়;
- Technical Standards for the Metrorail in Bangladesh ২০১৫ প্রণয়ন করা হয়;
- Historical Importance/Archaeological Survey জুলাই, ২০১৫ মাসে সম্পন্ন হয়;
- Geotechnical Survey এর মাঠ পর্যায়ের কাজ মে, ২০১৫ মাসে শেষ হয়। এ সার্ভের Laboratory Work জানুয়ারি, ২০১৬ মাসে সম্পন্ন হয়;
- Soil Electric Resistivity (SER) Survey জুলাই, ২০১৫ মাসে সম্পন্ন হয়;

- Environmental Baseline Survey আগস্ট, ২০১৫ মাসে সম্পন্ন হয়;
- মেট্রোরেল বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়;
- Right of Way (RoW) Survey মার্চ, ২০১৬ মাসে সম্পন্ন হয়;
- Utility Verification Survey মার্চ, ২০১৬ মাসে সম্পন্ন হয়;
- Detail Design ডিসেম্বর, ২০১৬ মাসে সম্পন্ন করা হয়;
- Institutional Development Consultant (IDC) প্রতিষ্ঠান নির্ধারিত ৩৬ টি Deliverables এর মধ্যে ২৮ টির Draft Final Report ও ০৮ টি Working Draft দাখিল করেছে;
- Utility Relocation-এর কাজ এপ্রিল, ২০১৬ মাসে শুরু হয়ে এখনো চলছে;
- Resettlement Assistant Consultant (RAC) প্রতিষ্ঠান ক্ষতি প্রদানের নিমিত্ত ১৪৯৮ ব্যক্তি/প্রতিষ্ঠানকে চিহ্নিত করেছে। ক্ষতিপূরণের পরিমাণ প্রায় ১৪.৩৭৩৭ কোটি টাকা। ইতোমধ্যে ৫০% ব্যক্তি/প্রতিষ্ঠানকে ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে: এবং
- প্রকল্পের পূর্ত কাজ ও সংগ্রহ ৮ (আট)টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে সকল প্যাকেজের নির্মাণ ও সংগ্রহ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নিম্নে প্যাকেজ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রদান করা হল:
  - **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত অক্টোবর, ২০১৬ মাসে শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১শে জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে;
  - **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০শে জুন ২০১৯ তারিখ এ প্যাকেজের কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে;
  - **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ০১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ পুরোদমে এগিয়ে চলছে। ১৫ জুন, ২০১৮ পর্যন্ত নির্মিতব্য ৯টি টেস্ট পাইলের মধ্যে ৯টি টেস্ট পাইলের নির্মাণই সম্পন্ন হয়েছে। মোট ৩৮৩ টি চেক বোরিং এর মধ্যে ৩৮৩ টি চেক বোরিংই সম্পন্ন হয়েছে। মোট ২,৩৩৩ টি বাণিজ্যিক পাইলের মধ্যে ১৪৮০টি বাণিজ্যিক পাইলের কাজ সম্পন্ন হয়েছে। মোট ৭৬৬ টি পাইল ক্যাপ এর মধ্যে ৪২টি পাইল ক্যাপের নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৭৩১টি পিয়ার (Pier) এর মধ্যে ৮টি পিয়ার (Pier) এবং মোট ৪,৫৭৭ টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ৩৯টি প্রিকাস্ট সেগমেন্ট নির্মাণ সম্পন্ন হয়েছে;
  - **প্যাকেজ- ৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩টি স্টেশন নির্মাণ):** আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩টি স্টেশন নির্মাণের লক্ষ্যে গত ৩০ এপ্রিল, ২০১৮ তারিখ ঠিকাদারের সহিত নির্মাণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর কাজ চলছে। সহসাই নিয়োজিত ঠিকাদার নির্মাণ কাজ শুরু করবে;
  - **প্যাকেজ- ৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪টি স্টেশন নির্মাণ):** কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪টি স্টেশন নির্মাণের লক্ষ্যে গত ৩০ এপ্রিল, ২০১৮ তারিখ ঠিকাদারের সহিত নির্মাণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর কাজ চলছে। সহসাই নিয়োজিত ঠিকাদার নির্মাণ কাজ শুরু করবে;
  - **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজের চুক্তি গত ৩ জুন, ২০১৮ তারিখ স্বাক্ষরিত হয়েছে। সহসাই নিয়োজিত ঠিকাদার নির্মাণ কাজ শুরু করবে; এবং
  - **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ শুরু হয়েছে। সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে উত্তরা ৩য় ফেইজ হতে আগারগাঁও পর্যন্ত অংশে মেট্রোরেল চালুর বিষয়টি বিবেচনায় রেখে বর্তমানে রোলিং স্টকের ডিজাইনের কাজ চলমান আছে।

## MRT Line-5

MRT Line-5 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল –Northern Route ও Southern Route

### MRT Line-5: Northern Route

এ অংশের মোট দৈর্ঘ্য ১৯.৬০ কিলোমিটার। তন্মধ্যে আন্ডারগ্রাউন্ড ১৩.৬০ কিলোমিটার এবং এলিভেটেড ৬.০০ কিলোমিটার। মোট স্টেশন সংখ্যা ১৪টি। তন্মধ্যে আন্ডারগ্রাউন্ড স্টেশন ৯টি এবং এলিভেটেড স্টেশন ৫টি। MRT Line-5 এর Northern Route নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। Engineering Service-এর জন্য গত ১৪ জুন, ২০১৮ তারিখ JICA'র সঙ্গে ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। DPP প্রণয়ন প্রক্রিয়াধীন আছে।

### MRT Line-5: Southern Route

MRT Line-5 এর Southern Route আন্ডারগ্রাউন্ড MRT হিসেবে নির্মাণের পরিকল্পনা রয়েছে। MRT Line-5 এর Southern Route নির্মাণের লক্ষ্যে ADB'র উদ্যোগে মে, ২০১৮ মাসে প্রাক-সম্ভাব্যতা যাচাই এর কাজ শুরু করা হয়েছে।

## MRT Line-1

MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট এবং **পূর্বাচল** রুট। উভয় রুটের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। Engineering Service-এর জন্য গত ২৯ জুন ২০১৭ তারিখ JICA-এর সঙ্গে ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। Engineering Service কাজের জন্য Technical Assistance Project Proposal (TPP) প্রণয়ন করা হয়েছে, যা অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। MRT Line -1: বিমানবন্দর রুট অংশের মোট দৈর্ঘ্য ১৬.৪০ কিলোমিটার। এ রুটে বাংলাদেশে প্রথম পাতাল রেল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হবে। মোট স্টেশন সংখ্যা ১২টি। MRT Line-1: পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১০.২০ কিলোমিটার। সম্পূর্ণ অংশ এলিভেটেড। মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে এলিভেটেড। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে আন্ডারগ্রাউন্ড নির্মিত হবে।

## MRT Line-2

Policy for Implementing PPP through Government to Government (G2G) Partnership, 2017 এর আওতায় G2G ভিত্তিতে MRT Line -2 নির্মাণের লক্ষ্যে পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ গত ১৫ জুন ২০১৭ তারিখে জাপানের Ministry of Land, Infrastructure, Transport and Tourism (MLIT) এর সঙ্গে সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। ডিএমটিসিএল MRT Line-2 নির্মাণের বাস্তবায়নকারী সংস্থা হবে। MRT Line-2 নির্মাণের জন্য Pre-Feasibility Study করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

## MRT Line-4

MRT Line-4 নির্মাণের জন্য Pre-Feasibility Study করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

- ৪০০ বছর পুরাতন ঢাকা মহানগরীতে যথোপযুক্ত মেট্রোরেলের Alignment নির্ধারণ করা;
- Route Alignment হতে পরিসেবা ও অন্যান্য স্থাপনা স্থানান্তর;
- Depot ও Construction Yard এর জন্য পর্যাপ্ত জমি প্রাপ্তি;
- ভূমি অধিগ্রহণে দীর্ঘসূত্রিতা; এবং
- নির্মাণকালীন সময়ে ট্রাফিক ব্যবস্থাপনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

- MRT Line-6 নির্মাণ প্রকল্পটি ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় পরবর্তিতে বিশেষ উদ্যোগে উত্তরা ৩য় ফেইজ হতে আগারগাঁও পর্যন্ত অংশ ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে এবং বাংলাদেশ ব্যাংক পর্যন্ত সম্পূর্ণ অংশ ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

- MRT Line-1-এর Engineering Service-এর কাজ অক্টোবর, ২০১৮ মাসে শুরু হয়ে পরবর্তী ৪৩ মাসে সম্পন্ন হবে;

- MRT Line-5:Northern Route এর Engineering Service-এর কাজ জানুয়ারি, ২০১৯ মাসে শুরু হবে;

- MRT Line-5:Southern Route এর প্রাক-সম্ভাব্যতা যাচাই এর কাজ ২০১৮-১৯ অর্থ-বছরে সম্পন্ন করা হবে;

- MRT Line-2 এর নির্মাণ কাজ বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে স্বাক্ষরিত সহযোগিতা স্মারক অনুযায়ী G2G ভিত্তিতে বাস্তবায়নের উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে; এবং

- MRT Line-4 এর নির্মাণ লক্ষ্যে Pre-Feasibility Study করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বিশেষ উদ্যোগে উত্তরা ৩য় ফেইজ হতে আগারগাঁও পর্যন্ত অংশ ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে এবং বাংলাদেশ ব্যাংক পর্যন্ত সম্পূর্ণ অংশ ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাস্তবায়নের সংশোধিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে MRT Line-6 এর ক্রমপুঞ্জীভূত অগ্রগতি ধরা হয়েছে ৩০%।

- MRT Line-1এর **বিমানবন্দর রুট** এবং **পূর্বাচল** রুটের Engineering Service-এর জন্য পরার্মশক প্রতিষ্ঠান নিয়োগ ও Basic Design সম্পন্ন;

- MRT Line-5: Northern Route এর DPP প্রণয়ন ও Engineering Service-এর জন্য পরার্মশক প্রতিষ্ঠান নিয়োগ;

- MRT Line-5: Southern Route এর Pre-Feasibility Study সম্পাদন;

- MRT Line-2 এর নির্মাণ কাজ বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে স্বাক্ষরিত সহযোগিতা স্মারক অনুযায়ী G2G ভিত্তিতে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ; এবং

- MRT Line-4 নির্মাণের লক্ষ্যে Pre-Feasibility Study করার নিমিত্ত দাতা সংস্থা অনুসন্ধান

## সেকশন-০১

**ডিএমটিসিএল-এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি**

### ১.১ রূপকল্প (Vision)

বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
যানজট কমাবে মেট্রোরেল

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়-সাশ্রয়ী ও পরিবেশবান্ধব আধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে যানজট নিরসন

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

- ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকায় সমন্বিত আধুনিক নগর পরিবহন ব্যবস্থা প্রবর্তন, সম্প্রসারণ ও পরিচালনা;
- ঢাকা মহানগরীর সড়কভিত্তিক পরিবহন ব্যবস্থার চাপ হ্রাসে আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল ব্যবস্থা প্রবর্তন, সম্প্রসারণ ও পরিচালনা;
- সময়-সাশ্রয়ী আধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে যানজট নিরসন এবং নগর জীবনে স্বচ্ছন্দ আনয়ন; এবং
- নিরাপদ, নির্ভরযোগ্য ও আরামদায়ক নগর পরিবহন সেবা প্রদান।

### ১.৪ প্রধান কার্যাবলি (Major Functions)

- উত্তরা তৃতীয় পর্ব থেকে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬ স্টেশন বিশিষ্ট উভয় দিকে ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম বিদ্যুৎ চালিত এলিভেটেড MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণ, রক্ষাণাবেক্ষণ ও পরিচালনা;
- প্রথম পর্যায়ে MRT Line-1এর **বিমানবন্দর রুট** এবং **পূর্বাচল** রুটের Engineering Service-এর জন্য পরার্মশক প্রতিষ্ঠান নিয়োগ ও Basic Design সম্পন্ন করা;
- প্রথম পর্যায়ে MRT Line-5: Northern Route এর DPP প্রণয়ন ও Engineering Service-এর জন্য পরার্মশক প্রতিষ্ঠান নিয়োগ;
- প্রথম পর্যায়ে MRT Line-5: Southern Route এর Pre-Feasibility Study সম্পাদন;
- MRT Line-2 এর নির্মাণ কাজ বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে স্বাক্ষরিত সহযোগিতা স্মারক অনুযায়ী G2G ভিত্তিতে বাস্তবায়নের উদ্দ্যোগ গ্রহণ; এবং
- MRT Line-4 এর নির্মাণ লক্ষ্যে Pre-Feasibility Study করার নিমিত্ত দাতা সংস্থা অনুসন্ধান।

# সেকশন -০২

## ডিএমটিসিএল-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৮-১৯ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| যানজট হ্রাস | ১.১ যাতায়াতে সময় হ্রাস | ঘন্টা | - | - | - | - | ২ ঘন্টা | - | Basic Design Report Volume 2<br>Train Operation December 2014 |
| | ১.২ কর্মঘন্টার সাশ্রয় | ঘন্টা | - | - | - | - | ২ ঘন্টা | - | |

বিশেষ দ্রষ্টব্য: বর্তমানে সড়কভিত্তিক পরিবহন ব্যবস্থায় উত্তরা তৃতীয় পর্ব থেকে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত একবার ভ্রমণে সময় ব্যয় হয় কম-বেশি ২ ঘন্টা ৪০ মিনিট। বাংলাদেশের প্রথম মেট্রোরেল একই রুটে ১৬ টি স্টেশনে যাত্রা বিরতি করে মাত্র ৩৭ মিনিটে একবার যাতায়াত করবে।

# সেকশন-০৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ডিএমটিসিএল-এর কৌশলগত উদ্দেশ্য | | | | | | | | | | | | | | |
| সময় সাশ্রয়ী ও পরিবেশ-বান্ধব গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ | ৬৫ | ১.১ ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | ১.১.১ বাস্তবায়নাধীন কন্ট্র্যাক্ট প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ) এর অগ্রগতি | শতকরা হার | ১৩ | - | ১৫ | ৩৫ | ২৫ | ২০ | ১৭ | ১৫ | ৫০ | ১০০ |
| | | | ১.১.২ বাস্তবায়নাধীন কন্ট্র্যাক্ট প্যাকেজ-৩ ও ৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | শতকরা হার | ১৩ | - | ১৫ | ৪৫ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪০ | ১০০ |
| | | | ১.১.৩ কন্ট্র্যাক্ট প্যাকেজ- ৫ ও ৬ (আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ভায়াডাক্ট ও স্টেশন নির্মাণ) এর অগ্রগতি | শতকরা হার | ১৩ | - | - | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৭৫ | ১০০ |
| | | | ১.১.৪ কন্ট্র্যাক্ট প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম) এর অগ্রগতি | শতকরা হার | ১৩ | - | - | ১০ | ৮ | ৬ | ৫ | ৪ | ৭৫ | ১০০ |
| | | | ১.১.৫ কন্ট্র্যাক্ট প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ] এর অগ্রগতি | শতকরা হার | ১৩ | - | ১০ | ২৫ | ২০ | ১৫ | ১৪ | ১২ | ৭৫ | ১০০ |

# সেকশন-০৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19 | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ডিএমটিসিএল-এর কৌশলগত উদ্দেশ্য | | | | | | | | | | | | | | |
| সময় সাশ্রয়ী ও পরিবেশ-বান্ধব গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ | ৬ | ১.২ ম্যাস র‍্যাপিড ট্রানজিট (লাইন-১/ইএস) নির্মাণ | ১.২.১ টিপিপি অনুমোদন | তারিখ | ৪ | - | - | সেপ্টেম্বর' ২০১৮ | অক্টোবর, ২০১৮ | নভেম্বর, ২০১৮ | ডিসেম্বর, ২০১৮ | জানুয়ারি, ২০১৯ | - | - |
| | | | ১.২.২ বেসিক ডিজাইন সম্পন্ন | শতকরা হার | ২ | - | - | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৩০ | - |
| | ৪ | ১.৩ ম্যাস র‍্যাপিড ট্রানজিট (লাইন-৫)/ (নর্দার্ণ রুট) নির্মাণ | ১.৩.১ ডিপিপি অনুমোদন | তারিখ | ৩ | - | - | ডিসেম্বর, ২০১৮ | জানুয়ারী, ২০১৯ | ফেব্রুয়ারী, ২০১৯ | মার্চ, ২০১৯ | এপ্রিল, ২০১৯ | - | - |
| | | | ১.৩.২ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | তারিখ | ১ | - | - | মার্চ, ২০১৯ | এপ্রিল, ২০১৯ | মে, ২০১৯ | জুন, ২০১৯ | - | - | - |

# সেকশন-০৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### ডিএমটিসিএল-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performanc Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদান চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেন সংশ্লিষ্ট বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দার্খিলকতৃ | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরেরর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে দাখিল | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |

## ডিএমটিসিএল-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performanc Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত /অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তাবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

*জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। **মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন। ***মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন। ****মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষর

------------------------------

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

তারিখ: ২১ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

------------------------------

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তারিখ: ২১ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

সংযোজনী-১

**শব্দসংক্ষেপ (Acronyms)**

| ক্রমিক | শব্দসংক্ষেপ | বর্ণনা |
|---|---|---|
| ১ | RTHD | Road Transport and Highways Division |
| ২. | DMTCL | Dhaka Mass Transit Company Limited |
| ৩. | DMRTDP | Dhaka Mass Rapid Transit Development Project |
| ৪. | G2G | Government to Government |
| ৫. | MLIT | Ministry of Land, Infrastructure, Transport and Tourism |
| ৬. | JICA | Japan Internation Cooperation Agency |
| ৭. | ADB | Asian Development Bank |
| ৮. | DPDC | Dhaka Power Distribution Company Limited |
| ৯. | DESCO | Dhaka Electric Supply Company Limited |
| ১০. | PGCBL | Power Grid Company of Bangladesh Limited |
| ১১. | Dhaka WASA | Dhaka Water Supply and Sewerage Authority |
| ১২. | Titas | Titas Gas Transmission and Distribution Company Limited |
| ১৩. | BTCL | Bangladesh Telecommunications Company Limited |
| ১৪. | BADC | Bangladesh Agricultural Development Corporation |
| ১৫. | MOD | Minutes of Discussion |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রম | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | বাস্তবায়নাধীন কন্ট্রাক্ট প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ) এর অগ্রগতি | ডিপো এলাকার পূর্ত কাজ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | স্বাক্ষরিত চুক্তিপত্র | ঢাকা মহানগরী ও সংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় সময় সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল এর পরিকল্পনা, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য গত ০৩ জুন, ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। |
| ০২. | | বাস্তবায়নাধীন কন্ট্রাক্ট প্যাকেজ-৩ ও ৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ | | | |
| ০৩. | | কন্ট্র্যাক্ট প্যাকেজ- ৫ ও ৬ (আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ভায়াডাক্ট ও স্টেশন নির্মাণ) এর অগ্রগতি | আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ৮.৩৭ কিলোমিটার ভায়াডাক্ট ও ৭টি স্টেশন নির্মাণ | | | |
| ০৪. | | কন্ট্র্যাক্ট প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম) এর অগ্রগতি | ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সংগ্রহ | | | |
| ০৫. | | কন্ট্র্যাক্ট প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ] এর অগ্রগতি | রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ | | | |
| ০৬. | ম্যাস র‍্যাপিড ট্রানজিট (লাইন-১/ইএস) নির্মাণ | টিপিপি অনুমোদন | টিপিপি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ | ডিএমটিসিএল এবং এমআরটি লাইন-১ | JICA এর সঙ্গে স্বাক্ষরিত MOD | |
| ০৭. | | বেসিক ডিজাইন সম্পন্ন | বেসিক ডিজাইন প্রণয়ন | | | |
| ০৮. | ম্যাস র‍্যাপিড ট্রানজিট (লাইন-৫)/(নর্দার্ণ রুট) নির্মাণ | ডিপিপি অনুমোদন | ডিপিপি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ | ডিএমটিসিএল এবং এমআরটি লাইন-৫ | M JICA এর সঙ্গে স্বাক্ষরিত MOD | |
| ০৯. | | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন | | | |